

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা
www.comc.college.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৩.৯৯.০০১.২৫- ২৩৬৭

তারিখ: ১০/০৮/২০২৫ খ্রি.

প্রাপক,

রেজিস্ট্রার

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি)

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী

পুরাতন ৮৬, বিজয়নগর, ঢাকা-১০০০।

বিষয়: কুমিল্লা মেডিকেল কলেজ-এর বিএমএন্ডডিসি স্বীকৃতিপত্র সংক্রান্ত আবেদন।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা মেডিকেল কলেজ একটি সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ১৯৯২ সালে প্রতিষ্ঠিত হয় এবং তৎকালীন সরকার কর্তৃক অনুমোদনপ্রাপ্ত হয়ে শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। দীর্ঘদিন ধরে এমবিবিএস শিক্ষার্থীদের শিক্ষা প্রদান, সরকারি নিয়োগ ও ইন্টার্নশিপ কার্যক্রমসহ অন্যান্য একাডেমিক ও ক্লিনিক্যাল কার্যক্রম চলমান রয়েছে।

বর্তমানে WFME accreditation প্রক্রিয়ার আওতায় এবং বাংলাদেশ মেডিকেল এডুকেশন এক্রিডিটেশন কাউন্সিল (BMEAC) কর্তৃক নির্ধারিত মানসম্মত শিক্ষা কার্যক্রমের স্বীকৃতি নিশ্চিতকরণে বিএমডিসি-এর অনুমোদনপত্র থাকা আবশ্যিক। সেই আলোকে কুমিল্লা মেডিকেল কলেজ-এর বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃতিপত্র প্রয়োজন।

এমতাবস্থায়, অত্র কলেজের বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃতিপত্র প্রাপ্তির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার নিকট অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি:

- ১। প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত ইতিহাস ও তথ্য।
- ২। একাডেমিক কার্যক্রমের সারসংক্ষেপ।
- ৩। BMEAC প্রক্রিয়ায় সংশ্লিষ্টতা সংক্রান্ত নথিপত্র।


অধ্যাপক ডা. মিজানু মুহাম্মদ তাইয়েবুল ইসলাম
অধ্যক্ষ
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা
ফোন: ০২৩৩৪৪০৫৫৬২
ই-মেইল: comc@ac.dghs.gov.bd